শ্রেণি: চতুর্থ

বিষয়: বাংলা

প্রদত্ত অনুচ্ছেদ (পাঠ্যবই থেকে ) পড়ে ১ ও ২ ক্রমিকের উত্তর লিখন:

(১) গ্রীষ্মের পর আসে বর্ষা।বর্ষায় আবার একেবারে অন্য চেহারা। আকাশ তখন কালো ঘন মেঘে ছেয়ে যায়। বৃষ্টি পড়ছে তো পড়ছেই। কখনো বড়ো বড়ো ফোঁটায়, তবে ধীরে ধীরে। কখনো হুড়মুড় করে । কখনো পড়ছে ঝিরঝির করে,খুব হালকা। এ ধরনের বৃষ্টির একটা নাম আছে। একে বলা হয় ইলশেগুঁড়ি। আর বড়ো বড়ো ফোঁটায় প্রচুর বৃষ্টির নাম মুষলধারে বৃষ্টি। কখনো আবার পড়ে ঝমঝম বৃষ্টি। নদীতে তখন ঢল নামে। বর্ষায় ফোটে কদম, কেয়া ও আরও নানা ফুল।

১। নিচের শব্দগুলোর অর্থ লেখ :(৫টি) ১ × ৫ = ৫

হালকা,হুড়মুড়, ইলশেগুঁড়ি, প্রচুর, মুষলধারে, ঢল, ফোঁটা

২। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ:

ক। গ্রীষ্মের পর কোন ঋতুর আগমন ঘটে ? এ সময়ে কী কী ফুল ফোটে? ২

খ। বর্ষাকালে কীভাবে বৃষ্টি নামে? ব্যাখ্যা কর। ৪

গ। বর্ষায় প্রকৃতির চেহারা কেমন হয়? চারটি বাক্যে লেখ। ৪

(২) ১৯৭১ সালের ২৬ শে মার্চ। অবিস্মরণীয় সেই সময়। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আহ্বানে শুরু হয়ে গেছে মুক্তিযুদ্ধ।বাঙালিরা ঝাঁপিয়ে পড়েছেন স্বাধীনতার মরণপন যুদ্ধে। সারা বাংলাদেশ তখন রণক্ষেত্র। হানাদার পাকিস্তানি সেনাবাহিনীকে যেভাবেই হোক পরাজিত করতে হবে।শত্রুমুক্ত করতে হবে এই বাংলাদেশকে। বাংলাদেশ অর্জন করবে স্বাধীনতা। জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে সব পেশার মানুষ যোগ দিচ্ছেন মুক্তিযুদ্ধে।এঁরা সবাই মুক্তিযোদ্ধা,গঠিত হয়েছে মুক্তিবাহিনী। এঁদের সবাই জীবন বাজি রেখে যুদ্ধ করেছেন। তাঁদের অনেকেই শহিদ হয়েছেন। এঁদের মধ্যে সাতজনকে অসীম সাহসিকতার জন্য রাষ্ট্র বীরশ্রেষ্ঠ উপাধিতে ভুষিত করে। এই বীরশ্রেষ্ঠরা হলেন মহিউদ্দিন জাহাঙ্গীর, মোস্তফা কামাল,হামিদুর রহমান, মোহাম্মদ রুহুল আমিন,মতিউর রহমান,মুন্সী আবদুর রউফ এবং নুর মোহাম্মদ শেখ।

১। নিচের শব্দগুলোর অর্থ লেখ :(৫টি) ১ × ৫ = ৫

অবিস্মরণীয়, শুরু, যুদ্ধ, মুক্তিযোদ্ধা , রণক্ষেত্র, বীরশ্রেষ্ঠ, শহিদ

২। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ:

ক। অনুচ্ছেদে কোন সময়ের কথা বলা হয়েছে? সেই সময়টা কেমন? ২

খ। কার আহ্বানে মুক্তিযুদ্ধ শুরু হয়? মুক্তিযুদ্ধ সম্পর্কে তিনটি বাক্য লেখ। ৪

গ। কতজনকে বীরশ্রেষ্ঠ উপাধিতে ভুষিত করা হয়? তাঁদের নাম লেখ। ৪

(৩) দিনে দিনে বড়ো হয় খোকা। পায়ে হেঁটে স্কুলে যায়।দুচোখ মেলে দেখে বাংলার মাঠ-ঘাট,পথ-প্রান্তর,সোনালি ধানের খেত। চোখ জুড়িয়ে যায় তার। যত বড়ো হয় খোকা ,তত তার বন্ধুর সংখ্যা বাড়ে । গাঁয়ের অনেক ছেলের সঙ্গে তার যোগাযোগ নিবিড় হয়। প্রায়ই সে বন্ধুদের বাড়ি নিয়ে আসে।বলে,মা,ওদের খেতে দাও। মা আনন্দের সঙ্গে ছেলের বন্ধুদের খেতে দেন। মা হাসিমুখে ছেলের আবদার পূরণ করেন।বর্ষাকালে স্কুলে যেতে বাবা খোকাকে ছাতা কিনে দিলেন । খোকা ছাতা নিয়ে স্কুলে যায়। একদিন ছাতা ছাড়া ভিজে ভিজে বাড়ি ফিরল খোকা।

১। নিচের শব্দগুলোর অর্থ লেখ :(৫টি) ১ × ৫ = ৫

খোকা, পথ,বন্ধু,গাঁ, নিবিড়, আবদার, অনেক

২। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ:

ক। কে দিন দিন বড়ো হয়? পায়ে হেঁটে সে কোথায় যায়? ২

খ। খোকা চোখ মেলে কী কী দেখে বর্ণনা কর। ৪

গ। কার বন্ধুর সংখ্যা বাড়ে? তার বন্ধু সর্ম্পকে তিনটি বাক্য লেখ। ৪

**প্রদত্ত অনুচ্ছেদ পড়ে ৩ ও ৪ নম্বর প্রশ্নের উত্তর লেখ:**

*শান্ত চতুর্থ শ্রেণিতে পড়ে। সে প্রায় অসুস্থ থাকে। পেটের অসুখ, জ্বর , সর্দি তার প্রায় লেগেই থাকে। পড়াশোনা ও খাওয়া-দাওয়া তার অনীহা। তাকে শহরের নামকরা ডাক্তারের কাছে নেওয়া হলো। ডাক্তার অনেক পরীক্ষা-নিরীক্ষা করে বুঝতে পারলেন শান্তের অসুস্থতার কারণ জীবানুর আক্রমন। অপরিষ্কার ও অপরিচ্ছন্নতাই দায়ী। ডাক্তার শান্তকে কোনো ওষুধ না দিয়ে তাকে ও পরিবারের সকলকে সচেতন হতে বললেন এবং পরিষ্কার-পরিচ্ছন্নভাবে চলার পরামর্শ দিলেন। তিনি বললেন, পরিষ্কার-পরিচ্ছন্নতাই সুস্থতার মূল উপায়। তাই পরিষ্কার- পরিচ্ছন্নতার ব্যপারে সকলকে সচেতন হতে হবে।

**৩। প্রদত্ত শব্দের অর্থ বুঝে শব্দ দিয়ে শুন্যস্থান পূরণ কর:** **১ × ৫ = ৫**

| প্রদত্ত শব্দ | অর্থ |
|---|---|
| অনীহা | অনুৎসাহ |
| সচেতন | সতর্ক |
| জীবানু | আতি সূক্ষ্ম প্রাণী |
| আক্রমন | গ্রাস |
| পরামর্শ | উপদেশ |
| মূল উপায় | প্রধান কৌশল |

ক) ডাক্তার তাকে হাঁটার ---- দিলেন ।
খ) ছেলেটির খাওয়া দাওয়ায় ---- রয়েছে।
গ) পড়াশোনায় মনোযোগই পরীক্ষায় পাসের ----।
ঘ) ১৯৭১ সালে পাকিস্তানি হানাদার বাহিনী বাংলাদেশ ---- করে।
ঙ) সকল ভাইরাস সম্পর্কে ---- হতে হবে।

**৪। প্রশ্নগুলোর উত্তর লেখ:** **৫ × ৩ = ১৫**

ক) শান্ত কী জাতীয় অসুখে ভোগে? সে প্রায়ই অসুস্থ থাকে কেন? চারটি বাক্যে লেখ।
খ) মানবদেহে জীবাণু কতটা ক্ষতি করতে পারে? পাঁচটি বাক্যে লেখ।
গ) পরিচ্ছন্নতাই সুস্থতার মূল উপায়- এ বাক্য দ্বারা কী বোঝানো হয়েছে?

*বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে ১৯২০ সালে ১৭ মার্চ জন্মগ্রহন করেন। তাঁর বাবার নাম শেখ লুতফর রহমান ও মায়ের নাম সায়েরা খাতুন। বাবা-মা তাঁকে ডাকতেন খোকা বলে। ছেলে বেলা থেকেই বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সাধারণ মানুষের অধিকারের কথা ভাবতেন। ১৯৭০ সালে নির্বাচনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে আওয়ামী লীগ নিরংকুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করলে পাকিস্তানি শাষক গষ্ঠী ষড়যন্ত্র করে। ১৯৭১ সালে ৭ মার্চ এক ঐতিহাসিক ভাষণে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঘোষণা করেন,'এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম'। অতপর ২৬ মার্চের প্রথম প্রহরে বঙ্গবন্ধু ওয়্যারলেসযোগে বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা দেন। শুরু হয় মুক্তিযুদ্ধ। দীর্ঘ নয় মাস রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধের পর, ১৯৭১ সালে ১৬ ডিসেম্বর বাংলাদেশ বিজয় লাভ করে।

**৩। প্রদত্ত শব্দের অর্থ বুঝে শব্দ দিয়ে শুন্যস্থান পূরণ কর:** **১ × ৫ = ৫**

| প্রদত্ত শব্দ | অর্থ |
|---|---|
| স্বাধীনতা | মুক্তি |
| বাবা | আব্বা |
| রক্তক্ষয়ী | বহু লোকের রক্তপাত ঘটে এমন |
| অধিকার | যোগ্যতা |
| ছেলেবেলা | শৈশব |
| অর্জন | চেষ্টা দ্বারা লাভ |

ক) ---- সন্তানের কাছে বটবৃক্ষের মতো।
খ) জীবনে বেঁচে থাকার অনুপ্রেরণা হলো জীবনে কিছু ---- করা।
গ) ভোট দেয়া নাগরিকের ---- ।
ঘ) দ্বিতীয় বিশ্বযুদ্ধ হলো মানব সভ্যতার ইতিহাসে সবচেয়ে ---- যুদ্ধ।
ঙ) জীবনের সবচেয়ে মধুর সময় ---- ।

**৪। প্রশ্নগুলোর উত্তর লেখ:** **৫ × ৩ = ১৫**

ক) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোথায় জন্মগ্রহন করেন ? তাঁর বাবা-মা এর নাম কী ?
খ) কবে বাংলাদেশ বিজয় লাভ করে ? তুমি কিভাবে 'বিজয় দিবস' পালন কর চারটি বাক্যে লেখ।
গ) 'এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম' এ বাক্য দ্বারা কী বোঝানো হয়েছে?

***ভ্রমনপ্রিয় মানুষ বিভিন্ন স্থানে ভ্রমন করে বেড়ায়। ভ্রমন মানুষের অভিজ্ঞতাকে সমৃদ্ধ ও পূর্ণ করে তোলে। ভ্রমণের শিক্ষা মানুষের আনন্দের শিক্ষা। বই পড়ে,গল্প শুনে,ছবি দেখেও আমরা অনেক কিছু জানতে পারি। কিন্তু নিজ চোখে দেখার অনুভূতি সব মানুষের নিজস্ব। সে কারণে নতুন নতুন পরিবেশ,ইতিহাসের গুরুত্বপূর্ণ নিদর্শন প্রভৃতি জানার এক চমৎকার উপায় হলো ভ্রমণ। নতুনকে দেখার বাস্তব অভিজ্ঞতার ভিত্তিতেই ভ্রমনকাহিনি গড়ে ওঠে। ভ্রমণকারীরা বিচিত্র মানুষ,পরিবেশ ও প্রকৃতির অভিজ্ঞতার বর্ণনার মধ্য দিয়ে আমাদের জীবনকে তুলে ধরেন।

**৩। প্রদত্ত শব্দের অর্থ বুঝে শব্দ দিয়ে শুন্যস্থান পূরণ কর:** **১ × ৫ = ৫**

| শব্দ | শব্দার্থ |
|---|---|
| ভ্রমন | পর্যটন |
| অনুভূতি | অনুভব |
| সমৃদ্ধ | ঐশ্বর্যশালী |
| চমৎকার | ভালো |
| বিচিত্র | বিভিন্ন বর্ণযুক্ত |
| নিজস্ব | আপন |
| নিদর্শন | প্রমাণ |

ক) ভ্রমণকারীরা ---- বিষয়ে অভিজ্ঞতা লাভ করেন।

খ) ভ্রমন মানুষের অভিজ্ঞতাকে ----- করে।

গ) 'দেশে বিদেশে' গ্রন্থটি একটি ---- কাহিনি।

ঘ) কোন মানুষই একেবারে ---- শূন্য নয়।

ঙ) ভবনের তিন তলায় রয়েছে জাদুঘরের ---- লাইব্রেরি।

**৪। নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।** **৫×৩ = ১৫**

ক) ভ্রমন কী ধরনের শিক্ষা? ভ্রমন ছাড়া জ্ঞান অর্জনের চারটি বিষয়ের নাম লেখ।

খ) ভ্রমনকাহিনি কীভাবে গড়ে ওঠে? ভ্রমণকারীরা কিভাবে আমাদের জীবনকে তুলে ধরেন?

গ) পাঁচটি বাক্যে ভ্রমনের গুরুত্ব লেখো।

(৫) ক্রিয়া পদের চলিত রূপ: (৭টির মধ্যে ৫টি) **১×৫ = ৫**

করিয়া,বলিয়াছেন,পড়িয়াছেন,বাঁচিয়া,ফিরিয়া, চলিয়াছে,খাইতে, করিতে,উঠিয়াছে, পাইয়াছে, হইবে,
বসিয়া,দেখিতে,লাগিল,জানিতে,আসিয়াছে,পড়িত,বলিব,করিত,পড়িতাম।

(৬) অনুচ্ছেদ পড়ে প্রশ্ন তৈরিকরণ: **১×৫ = ৫**

১। রোকেয়ার বিয়ে হলো ষোলো বছর বয়সে। স্বামী সৈয়দ সাখাওয়াত হোসেন। সরকারি চাকুরে। এবার স্বামীর নামানুসারে তাঁর নাম হলো রোকেয়া সাখাওয়াত হোসেন।বিয়ের পর স্বামীর সঙ্গে শ্বশুর বাড়ি যাওয়ার পালা। স্বামীর বাড়ি ভাগলপুরে পৌছে দেখলেন বাড়িতে সবাই উর্দুতে কথা বলেন। রোকায়াও উর্দুতে কথা বলতে শুরু করলেন। কিন্তু বাংলা ভাষায় কথা না বললে কি মনের সাধ মেটে? বাংলা ভাষাকে তিনি একদিনের জন্যও ভুলে থাকতে পারেননি।

২। ছোটবেলাতেই দেখেছিলেন, মেয়েদের ঘরে বন্দি করে রাখা হয়। পড়ালেখা করার অধিকার নেই। অল্প বয়সে বিয়ে দিয়ে স্বামীর ঘরে পাঠিয়ে দেওয়া হয়। সারাজীবন মেয়েরা আর কিছুই করতে পারে না। বাইরে কাজ করবার অধিকার তারা পায় না।পড়ালেখা করে ছেলেরা। বাইরে কাজ করে ছেলেরা। মেয়েরাও যে মানুষ, সে-কথায় তারা প্রায় ভুলে যায়। রোকেয়া বুঝেছিলেন , ছেলেদের যে অধিকার ,মেয়েদেরও তো সেই অধিকার থাকবার কথা।

(৭) যুক্তবর্ণ বিভাজন করে দেখাও এবং যুক্তবর্ন দিয়ে বাক্য গঠন: (৭টির মধ্যে ৫টি) ২×৫ = ১০

স্ত, দ্র,ক্ল,ন্দ,জ্য,ক্র,প্প,ব্ধ,ন্ত,জ্ঞ,ন্ন,ক্ষ,ক্ষ্ম,ঞ্জ,ষ্ম, ক্ত,ম্ম,স্ক,ঙ্ক,ন্ড

(৮) বিরাম চিহ্ন: ৫

১. এদিকে ছোট রাজা চললেন সাধারণ মানুষজনের সাজে ছোটো ছোটো কামান বন্দুক হাতি ঘোড়া নিয়ে ছোটো একটি পুঁটলি বেঁধে

২. সেনাপতি বললেন এতে করে চোখ চলবে গোলাগুলি চলার উপায় হবে না রাজা বললেন দেখাই যাক না

৩. যুদ্ধ বাঁধল সেনাপতির পায়ের তলা দিয়ে ছোটো রাজার ফৌজ গলে পালাল তীর কামান আন্দাজ করতে না পেরে বাতাসে হানা দিতে থাকল নয়তো আকাশে ঝুপঝাপ বড়ো রাজার ছাউনির উপর পড়তে লাগল

(৯) এক কথায় প্রকাশ: (৭টির মধ্যে ৫টি) ১×৫ = ৫

দক্ষিণ দিক থেকে প্রবাহিত বাতাস, ভনভন শব্দ করে ওড়া, হাট করে যে,যেখানে রাজার শাসন চালু আছে, যিনি গোপনে খবর সংগ্রহ করেন, রুপার মতো রং যার, রাতের শেষ প্রহর, ন্যায়ের জন্য জীবন দেন যিনি, মুক্তির জন্য যে যুদ্ধ, অনেকের মধ্যে, বিদ্যা আছে যার, দুধ দিয়ে তৈরি মিষ্টি, যিনি গবেষণা করেন, সবসময় মানুষ যাকে স্মরণ করে, যা সোজা-সরল নয়, খালি চোখে দেখা যায় না, যিনি যন্ত্র চালু রাখেন, দুধের সর দিয়ে তৈরি মিষ্টি, ভালো-মন্দ বিচার করা, নিরবচ্ছিন্নভাবে চলা।

( ১০) সমার্থক শব্দ (৭টির মধ্যে ৫টি) ১×৫ = ৫

পৃথিবী,আকাশ,কালো,চক্ষু, ঘোড়া,বন্ধু,ভালো, গগন, আগুন, গাঁ, বাড়ি, মা, বড়,আনন্দ,নৌকা, নদী,অন্ধকার,সাহসী,পাখি,ছেলে,শরীর।

অথবা

বিপরীত শব্দ: (৭টির মধ্যে ৫টি) ১×৫ = ৫

হালকা, পাকা,কালো,কঠিন, জয়,খালি, কোমল, বন্ধু, ভিজা,গরিব,মুক্তি,আজ,প্রিয়, যায়,আগে,সকালে; ,গ্রাম,সর্তক.সুগন্ধ, সফল,উন্নতি।

(১১)পাঠ্যবই এর কবিতা/ছড়া

১.

পালকি চলে!

পালকি চলে!

গগন তলে

আগুন জ্বলে!

স্তব্ধ গাঁয়ে

আদুল গায়ে

যাচ্ছে কারা

রৌদ্রে সারা!

ক. কবিতাংশটি কোন কবিতার অংশ? কবিতাটির কবির নাম কী? ২

খ. কবিতাংশটির মূলভাব পাঁচটি বাক্যে লেখ। ৫

গ.গাঁয়ের পরিবেশ কেমন? তিনটি বাক্যে ব্যাখ্যা কর। ৩

২.

ইচ্ছে কী আর?

সরপুরিয়ার।

আঃ কী আয়েস!

রাবড়ি পায়েস।

এই কেবলি?

ক্ষীর কদলী।

বাঃ কী ফলার!

সবরি কলার।

এবার থামো।

ফজলি আমও।

ক. কবিতাংশটি কোন কবিতার অংশ? কবিতাটির কবির নাম কী? ২

খ. কবিতাংশটির মূলভাব পাঁচটি বাক্যে লেখ। ৫

গ. কবিতাংশে কোন কোন খাবারের কথা বলা হয়েছে? তিনটি বাক্যে লেখ। ৩

৩.

মুজিব মানে আর কিছু না ,
মুজিব মানে মুক্তি।
পিতার সাথে সন্তানের
না লেখা প্রেম চুক্তি।

মুজিব মানে আর কিছু না,
মুজিব মানে শক্তি।
উন্নত শির বীর বাঙালির
চিরকালের ভক্তি।

ক. কবিতাংশটি কোন কবিতার অংশ? কবিতাটির কবির নাম কী? ২

খ. কবিতাংশটির মূলভাব পাঁচটি বাক্যে লেখ। ৫

গ." পিতার সাথে সন্তানের না লেখা প্রেম চুক্তি" বলতে কী বোঝানো হয়েছে?৩টি বাক্যে লেখ। ৩

(১২) ফরম পূরণ

১) মনে কর,তুমি একটি প্রতিষ্ঠানে বির্তক ও আবৃত্তির কর্মশালায় অংশগ্রহণ করতে আগ্রহী। এজন্য একটি নিবন্ধন ফরম পূরণ কর। ৫

ঐতিহ্য সাংস্কৃতিক কেন্দ্র,রাজশাহী
কর্মশালার আবেদন ফরম

ছবি

১. আবেদনকারীর নাম :

২. পিতা/অভিভাবকের নাম :

৩. শিক্ষাপ্রতিষ্ঠানের নাম :

৪. শ্রেণি :

৫. জন্ম তারিখ :

৬. জাতীয়তা :

৭. প্রিয় কবি :

৮. যোগাযোগের ঠিকানা :

৯. মোবাইল নম্বর :

আবেদনকারীর স্বাক্ষর কর্তৃপক্ষের স্বাক্ষর

(২) বিশ্বসাহিত্য কেন্দ্র থেকে বই গ্রহণের জন্য নিচের ফরমটি পূরণ কর। ৫

বিশ্বসাহিত্য কেন্দ্র

কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা

ছবি

নাম :

পিতার নাম :

মাতার নাম :

ফোন/মোবাইল :

বিদ্যালয়ের নাম :

শ্রেণি :

রোল নম্বর:

বই গ্রহণের তারিখ:

বই ফেরতের তারিখ:

লাইব্রেরিয়ানের স্বাক্ষর ও তারিখ

গ্রহীতার স্বাক্ষর

৩) মনে কর, তুমি একটি চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশ নিতে চাও। এজন্য নিচের নিবন্ধন ফরমটি পূরণ কর। ৫

স্বাধীনতা দিবস উপলক্ষে চিত্রাঙ্কন প্রতিযোগিতা-২০২৪

নিবন্ধন ফরম

ছবি

প্রতিযোগীর নাম :

পিতার নাম :

মাতার নাম :

ফোন/মোবাইল :

বিদ্যালয়ের নাম :

শ্রেণি :

রোল নম্বর :

প্রিয় শখ :

আবেদনকারীর স্বাক্ষর

কর্তৃপক্ষের স্বাক্ষর

(১৩)চিঠি/আবেদনপত্র ৫

ক.পরীক্ষার প্রস্তুতি কেমন হয়েছে তা জানিয়ে বড় ভাইয়ের কাছে পত্র লেখ।

খ.বার্ষিক পরীক্ষার ফল জানিয়ে মায়ের কাছে পত্র লেখ।

অথবা

ক.বিদ্যালয়ে অনুপস্থিতির জন্য তোমার স্কুলের প্রধান শিক্ষকের কাছে ছুটির আবেদন লেখ।

খ.জরিমানা মওকুফের জন্য প্রতিষ্ঠান প্রধানের কাছে আবেদন লেখ।

১৪। রচনা লিখন ১০

ক.আমাদের গ্রাম

খ.বর্ষাকাল

গ.সময়ের মূল্য